কালের কণ্ঠ

তারিখ 08 FEB 2014
পৃষ্ঠা ৫ ... কলাম ...

মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

নারী শিক্ষা বিস্তারে কয়েক যুগ পেরিয়ে

মুহাম্মদ ফরিদ হাসান ▶

চাঁদপুর শহরের প্রাণকেন্দ্র শহীদ মুক্তিযোদ্ধা সড়কস্থ লেকের পাড়ে অবস্থিত চাঁদপুর জেলার অন্যতম সেরা নারী শিক্ষাপ্রতিষ্ঠান মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। ১৯২১ সালে বিশিষ্ট সমাজসেবক বিষ্ণু চরণ পাল ও জেলার তৎকালীন বিশিষ্ট ব্যক্তিদের পৃষ্ঠপোষকতায় প্রতিষ্ঠিত এই বিদ্যালয়টিতে বর্তমানে চতুর্থ থেকে দশম শ্রেণী পর্যন্ত শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। মানসম্মত, যুগোপযোগী ও তথ্যপ্রযুক্তির মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে জ্ঞানের আলো বিতরণকারী এই বিদ্যালয়টির বর্তমান শিক্ষার্থীসংখ্যা এক হাজার ৭৫০। ৪৮ জন বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক দ্বারা পরিচালিত এই প্রতিষ্ঠান থেকে গত তিন বছরে ২৪৫ জন শিক্ষার্থী এসএসসিতে জিপিএ ৫ পেয়ে উত্তীর্ণ হয়েছে। গত তিন বছরের জেএসসি পরীক্ষায় ১১১ জন শিক্ষার্থী বৃত্তিও পেয়েছে।

বিদ্যালয়টির বর্তমান প্রধান শিক্ষক উত্তম কুমার সাহা। তাঁর দক্ষ পরিচালনায়ই ক্রমে সাফল্যের অগ্রযাত্রা অব্যাহত রেখে চলছে মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়।

তিনি বলেন, 'এই প্রতিষ্ঠানটি জেলার মাধ্যমিক নারী শিক্ষার বিদ্যানিকেতনগুলোর মধ্যে অনুকরণীয় ও আদর্শ প্রতিষ্ঠান হিসেবে কাজ করে। আমরা পাঠ্যক্রমিক শিক্ষার পাশাপাশি সহপাঠক্রমিক শিক্ষাকেও সমান গুরুত্ব দিতে চাই। প্রতিটি শিক্ষার্থীকে সুশিক্ষায় শিক্ষিত করতে প্রয়োজন শিক্ষক-শিক্ষার্থী-অভিভাবকদের সমন্বিত প্রচেষ্টা। এই তিনের যৌথ প্রচেষ্টাই মেধা-মননের বিকাশ ও ভালো ফলাফল অর্জন সম্ভব।'

শিক্ষার্থীদের চাহিদা অনুযায়ী সব কিছুই রয়েছে এই প্রতিষ্ঠানটিতে। খেলাধুলার ব্যবস্থা, উন্নত লাইব্রেরি, মানসম্মত বিজ্ঞানাগারসহ আধুনিক সময়ের সঙ্গে তাল মিলিয়ে চলতে যেসব সুবিধা প্রয়োজন, সবই পেয়ে থাকে এই প্রতিষ্ঠানের প্রতিটি শিক্ষার্থী।

বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক দীপক রায় বলেন, 'এই প্রতিষ্ঠানে মেধাবী ও অপেক্ষাকৃত কম মেধাবী সবাইকে বিভিন্ন গ্রুপে ভাগ করে শিক্ষকদের তত্ত্বাবধানে রাখা হয়। শিক্ষার্থীদের উন্নতি, অবনতি ও বিভিন্ন সমস্যা সম্পর্কে প্রতিষ্ঠানের শিক্ষকরা সার্বক্ষণিক অভিভাবকদের সঙ্গে যোগাযোগ করেন।'

প্রতিষ্ঠানটির আরেকজন শিক্ষক সরকার মো. সেলিম জানান, গত তিন বছর পিএসসি ও জেএসসিতে এ বিদ্যালয়ের শিক্ষার্থীরা শতভাগ সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হয়েছে। এসএসসি পরীক্ষায় এই স্কুলটি বরাবরই কুমিল্লা বোর্ডের শীর্ষ বিশের স্থান দখল করে আসছে। আমাদের সাফল্যের ধারা অব্যাহত থাকলে আমরা অচিরেই দেশের অন্যতম সেরা মাধ্যমিক বিদ্যানিকেতন হিসেবে সুনাম অর্জন করব।